

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

#### MORNING NEWS BULLETIN

#### BENGALI

01 MAY 2026

7:35—7:40 AM

কাছাড় জেলার সাতটি বিধানসভা আসনের ভোট গননার প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল গতকাল শিলচর রামনগর আন্তর্জাতিক ট্রাক টার্মিনাসে স্থাপন করা স্ট্রংরুম পরিদর্শন করেন। পরিদর্শনকালে শ্রীগোয়েল গননা কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা, গননা কক্ষের প্রস্তুতি সহ আনুষঙ্গিক বিষয়গুলি নিয়ে অবগত হয়েছেন। মুখ্য নির্বাচনী আধিকারিক শ্রীগোয়েলের সঙ্গে জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ, জেলার সিনিয়র পুলিশ সুপার সঞ্জীব কুমার শইকিয়া, নির্বাচন আধিকারিক মাসি তোপ্পো প্রমুখ উপস্থিত ছিলেন।

আগামী সোমবার ভোটগননাকে কেন্দ্র করে হাইলাকান্দি জেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলা প্রশাসনের পক্ষ থেকে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে জেলা আয়ুক্ত অভিষেক জৈন ভারতীয় নাগরিক সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন। হাইলাকান্দি জেলার ভোটগননা হাইলাকান্দির সরকারি ভি এম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। ভোটগননার সময় জনজীবনে শান্তি রক্ষার স্বার্থে আগামী তেসরা মে বিকেল পাঁচটা থেকে ছয়-ই মে ভোর পাঁচটা পর্যন্ত এসব নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। এরমধ্যে ভোট গননা কেন্দ্রের একশো মিটার ব্যাসার্ধের মধ্যে পাঁচ বা ততোধিক ব্যক্তির জমায়েত, আতসবাজি, পটকার ব্যবহার, আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ, বিস্ফোরক সহ বিপদজনক অস্ত্র বহন বা প্রদর্শন, দ্বিচক্রযানে দুজন নিয়ে চলাফেরা করা, দেওয়াল লিখন, পোস্টার লাগানো, স্লোগান দেওয়া, বিক্ষোভ কর্মসূচির আয়োজন, গাড়িতে লাউড স্পিকার ব্যবহার করা, যেকোনো ধরনের উসকানিমূলক বক্তব্য রাখা নিষিদ্ধ করা হয়েছে। তবে প্রশাসনের অনুমতি সাপেক্ষে মাইকের ব্যবহার এবং দ্বিচক্রযানে বারো বছরের কম বয়সের শিশু, ম্যাজিস্ট্রেট, পুলিশ, সেনা ও আধা-সামরিক বাহিনীর কর্মী, নির্বাচনের দায়িত্বে থাকা সরকারি কর্মীদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

শ্রীভূমি জেলায়-ও ভোটগণনা উপলক্ষে যাবতীয় প্রস্তুতি নেওয়া হচ্ছে ।

---

আজ বৌদ্ধ পূর্ণিমা । আজকের দিনেই গৌতম বৌদ্ধ জন্মগ্রহনের পাশাপাশি সিদ্ধি লাভ ও মহা পরিনর্বাণ লাভ করেছিলেন । রাষ্ট্রপতি দ্রৌপদী মুমু আজ বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতি মুমু বলেন যে ভগবান বুদ্ধের অহিংসা , করুনা , শান্তি এবং জ্ঞানের শ্বশত বাণী মানব জাতিকে পথ দেখিয়ে আসছে ।

বরাক উপত্যকায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে বুদ্ধ পূর্ণিমা পালন করা হচ্ছে ।

---

হাইলাকান্দি জেলার প্রাথমিক শিক্ষাক্ষেত্রে শিক্ষার অধিকার আইন-২০০৯ এর ১২/(১) সি ধারা কার্যকর করতে জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক এক নির্দেশ জারি করেছেন । এই নির্দেশ অনুযায়ী জেলার সমস্ত অনুদান বিহীন নন-মাইনরিটি ভার্নাকুলার মিডিয়াম স্কুলগুলির প্রধানদের আগামী দোসরা মে'র মধ্যে কয়েকটি রিপোর্ট জমা দিতে বলা হয়েছে । এরমধ্যে নির্ধারিত পোর্টালে বাধ্যতামূলক পঞ্জীয়ন, নিজ নিজ স্কুলের আসন সংখ্যা সংশ্লিষ্ট স্কুলের ওয়েবসাইটে প্রকাশ, এধরনের প্রতিটি স্কুলকে নিজ নিজ এলাকায় শিক্ষার অধিকার সম্পর্কে সচেতনতা অভিযান চালানোর নির্দেশ দেওয়া হয়েছে ।

---

বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাষ্টট্রাক আদালত গতকাল জুবিন গার্গ মৃত্যু মামলায় অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদন নাকচ করেছে । গত কয়েকদিন উভয় পক্ষের আইনজীবীদের যুক্তি প্রদর্শনের পর আদালত এই মামলার মূল অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন রায় সংরক্ষিত রেখেছিল । আদালত আগামী দুসরা মে এই মামলার অন্য অভিযুক্ত সিদ্ধার্থ শর্মার জামিন আবেদন সম্পর্কে রায়দান করবে ।

এদিকে , বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাষ্টট্রাক আদালত জুবিন গার্গের মৃত্যু মামলায় অভিযুক্ত সিদ্ধার্থ শর্মার মালিকানাধীন একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান জব্দ করার নির্দেশ জারী করেছে ।

এ সম্পর্কে সরকার পক্ষের আইনজীবী জিয়াউল কামার সাংবাদিকদের জানান-

## বাইট

---

বরাক উপত্যকায় হাইকোর্টের বেঞ্চ স্থাপনের দাবী বাস্তবায়ন কমিটির কাছাড় জেলা শাখার উদ্যোগে গতকাল শিলচরের অরুণ কুমার চন্দ আইন কলেজে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। কলেজ অধ্যক্ষ আবু তাহের তালুকদারের পৌরহিত্যে আয়োজিত এই সভায় আইনজীবী ধর্মানন্দ দেব, শান্তনু নায়েক এবং অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ বিষ্ণু দেবনাথ প্রমুখ বরাক উপত্যকায় হাইকোর্টের একটি বেঞ্চ স্থাপনের প্রয়োজনীয়তা নিয়ে প্রাসঙ্গিক আলোচনা করেন।

---

করিমগঞ্জ নাগরিক সুরক্ষা মঞ্চের পক্ষ থেকে গতকাল শ্রীভূমি শহরের পেট্রল পাম্প এলাকা থেকে সেটেলমেন্ট রোড পর্যন্ত সড়কের দ্রুত সংস্কারের দাবী জানিয়ে জেলা আয়ুক্তের কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে। মঞ্চের পক্ষ থেকে অভিযোগ করে বলে হয় যে- সড়কের বেহাল অবস্থার জন্যে প্রায়শই দুর্ঘটনা সংগঠিত হচ্ছে। এছাড়া জনসাধারণের চলাফেরা করতেও অসুবিধা হচ্ছে বলে মঞ্চের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর সিগনেচারের ব্যবস্থাপনায় আগামী বুধবার উখারবন্দ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত অরুণাবন্দ চা বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষার এক শিবির অনুষ্ঠিত হবে। শিবির সকাল ১০টায় শুরু হবে।

---